



## চোরের হাত থেকে বাঁচতে গিয়ে প্রাণ হারালেন র্যাব সদস্যের স্ত্রী



সংগৃহীত ছবি

জামালপুরের সরিষাবাড়ী উপজেলায় চুরি করতে গিয়ে র্যাব সদস্যের স্ত্রী লিপি খাতুন (৩৫)কে শ্বাসরোধে হত্যা করা হয়েছে। বৃহস্পতিবার (১১ ডিসেম্বর) ভোরে উপজেলার শিমলা বাজার এলাকার একটি ভাড়া বাসায় এ নৃশংস ঘটনা ঘটে।

লিপি খাতুন কামরাবাদ ইউনিয়নের শ্যাকৈর গ্রামের মহর উদ্দিনের মেয়ে। তার স্বামী ঢাকার মোহাম্মদপুরে র্যাব-২ এ সহকারী উপ-পরিদর্শক হিসেবে দায়িত্ব পালন করছেন। কর্মস্থলে থাকায় লিপি তিন সন্তানকে নিয়ে সরিষাবাড়ীতে ভাড়া বাসায় থাকতেন।

স্থানীয় ও পুলিশ সূত্রের তথ্য অনুযায়ী, বুধবার রাতে লিপি খাতুন মেয়েকে নিয়ে ঘুমিয়ে ছিলেন। ভোরের দিকে চোরেরা ঘরের গ্রিল কেটে ভেতরে প্রবেশ করে। চোরকে দেখে ফেলায় তারা লিপির গলায় ওড়না পেঁচিয়ে তাকে শ্বাসরোধে হত্যা করে এবং নগদ টাকা ও স্বর্ণালংকার লুট করে পালিয়ে যায়।

সকালে প্রতিবেশীরা কোনো সাড়া শব্দ না পেয়ে খবর দিলে পুলিশ ঘটনাস্থলে গিয়ে লিপির মরদেহ উদ্ধার করে থানায় নিয়ে যায়।

সরিষাবাড়ী থানার ওসি মো. বাচ্ছু মিয়া জানান, এটি পরিকল্পিত চুরি এবং প্রতিরোধে গিয়ে গৃহবধু খুন হয়েছেন। মরদেহ ময়নাতদন্তের জন্য জামালপুর জেনারেল হাসপাতালে পাঠানোর প্রক্রিয়া চলছে। পাশাপাশি ঘটনাটি তদন্তে থানায় মামলা নেওয়ার প্রস্তুতিও চলছে।